

# ১৭৮ শিক্ষার্থী পাচ্ছেন প্রধানমন্ত্রী স্বর্ণপদক

অনলাইন ডেক্স

২ মে ২০২৩ ০৮:৪৭ এএম | আপডেট: ২ মে ২০২৩

০৮:৪৭ এএম

1  
Shares



প্রতীকী ছবি

advertisement

বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন অনুষদে স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষায় সর্বোচ্চ নম্বর বা সিজিপিএ অর্জনকারী ১৭৮ শিক্ষার্থী এবার 'প্রধানমন্ত্রীর স্বর্ণপদক' পাচ্ছেন।

বিশ্ববিদ্যালয় ম্যাজুরি কমিশন (ইউজিসি) দেশের ৩৭টি সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের দেশসেরা এসব শিক্ষার্থীকে পদক প্রদানের সিদ্ধান্ত নিয়েছে।

advertisement

রোববার ইউজিসির ওয়েবসাইটে এ সংক্রান্ত একটি নির্দেশনা প্রকাশ করা হয়েছে। এতে বলা হয়, এবার ৩২টি সরকারি বিশ্ববিদ্যালয় থেকে (জাতীয়, উন্মুক্ত ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ব্যতীত) মোট ১৭৩ জন শিক্ষার্থী এই স্বর্ণপদকের জন্য প্রাথমিকভাবে মনোনীত হয়েছেন। জাতীয় বিশ্ববিদ্যালয়, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় থেকে একজন করে মোট তিন জন শিক্ষার্থী এই স্বর্ণপদকের জন্য প্রাথমিকভাবে মনোনীত হয়েছেন।

## **আরও পড়ুন: বাংলাদেশের মসৃণ উত্তরণে বিশ্বব্যাংকের সহায়তা চাইলেন প্রধানমন্ত্রী**

advertisement

তাছাড়া বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে দুই জন শিক্ষার্থী এই স্বর্ণপদকের জন্য প্রাথমিকভাবে মনোনীত হয়েছেন।

এবার প্রাথমিকভাবে মনোনীতদের তালিকায় সর্বোচ্চ ১১ জন স্বর্ণপদক পেয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে। এরপর সর্বোচ্চ ৯ জন করে রয়েছে রাজশাহী ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে।